তারিখ ..29 DEC 1985..
পৃষ্ঠা ... 1 ... কলাম 7

দৈনিক সংবাদ

T. Affair

100

002

### কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির ১১ দফা

# ইউনেস্কোর সুপারিশ কার্যকর করুন

(নিজস্ব বার্তা পরিবেশক)

বাংলাদেশ কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি কুদরত-ই-খুদা শিক্ষা কমিশনের সুপারিশের ভিত্তিতে গণমুখী আধুনিক ও ফলপ্রসূ শিক্ষাব্যবস্থা প্রবর্তনসহ ১১ দফা দাবী বাস্তবায়নের আহ্বান জানিয়েছে।

গতকাল শনিবার বিকেলে জাতীয় প্রেসক্লাবে আয়োজিত সাংবাদিক সম্মেলনে সমিতির সভাপতি প্রফেসর ম, আখতারুজ্জামান বলেন, স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয় স্তরের শিক্ষানীতি এবং শিক্ষাখাতে অপ্রতুল ব্যয় বরাদ্দের কারণেই শিক্ষা ও শিক্ষকদের তীব্র সমস্যা সৃষ্টি হয়েছে। কোন এক স্তরের সংগঠনের পক্ষে এককভাবে শিক্ষা জগতের এই তীব্র সংকট দূর করা সম্ভব নয়। এই পরিস্থিতি মোকাবেলা করার উদ্দেশ্যে শিক্ষাব্যবস্থা ও শিক্ষকদের সমস্যার স্বরূপ সম্পর্কে জনগণকে এবং দায়িত্ব পালনে ব্যর্থতা সম্পর্কে সরকারকে অবহিত করার জন্যই ১৯৮৪ সালের ৪ঠা জুন 'বাংলাদেশ কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি' গঠন করা হয় বলে তিনি উল্লেখ করেন।

১১ দফা দাবীর মধ্যে রয়েছে: শিক্ষা খাতে ব্যয়ের ক্ষেত্রে ইউনেস্কোর সুপারিশমালা কার্যকর ও জাতীয় বাজেটের ন্যূনতম ৩০ শতাংশ শিক্ষার জন্য ব্যয়, দ্রব্যমূল্য বৃদ্ধি ও জীবনযাত্রার মানের উর্ধ্বগতির সাথে সঙ্গতি রেখে শিক্ষক ও কর্মচারীদের বেতন স্কেল পুন: নির্ধারণের নিয়মিত ব্যবস্থা প্রবর্তন, শিক্ষা প্রতিষ্ঠান নির্বিশেষে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে শিক্ষকদের বেতন ও আনুষঙ্গিক সুবিধাদি নির্ধারণ, সকল বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারীদের বেতন স্কেল প্রবর্তন ও সরকার কর্তৃক প্রতিষ্ঠানের ব্যয়ের ঘাটতি পূরণ, সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারীদের চিকিৎসা ভাতা প্রদান ও ঔষধপত্রের দামের উর্ধ্বগতির সাথে সঙ্গতি রেখে এই ভাতা নিয়মিত বাড়ানোর ব্যবস্থা, সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারীদের চাকরির নিরাপত্তা বিধান, চাকরির পূর্ণ মেয়াদ পুরো হবার পর জীবনধারণের উপযোগী ন্যায্য অবসর ভাতা ও গ্রাচ্যুইটি প্রদান।

অধ্যাপক আখতারুজ্জামান জানান, সমিতির দাবী-দাওয়াগুলো সবিস্তারে ব্যাখ্যা করার উদ্দেশ্যে আগামী ১০ই জানুয়ারী সকাল সাড়ে ৯টায় ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র-শিক্ষক কেন্দ্রে ঢাকা শহর

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

### শিক্ষকদের ১১ দফা

(১ম পাতার পর)

এবং পার্শ্ববর্তী এলাকার বেসরকারী এবং সরকারী কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষকদের উপস্থিতিতে আলোচনা সভার আয়োজন করা হবে। এছাড়া আগামী ৭ ও ৮ই মার্চ ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র-শিক্ষক কেন্দ্রে সমিতির প্রথম জাতীয় সম্মেলন ডাকা হয়েছে বলে তিনি উল্লেখ করেন।

সাংবাদিক সম্মেলনে ডঃ রঙ্গলাল সেন, অধ্যাপক গোলাম সামদানী কোরায়শী, অধ্যাপক হায়াৎ মাহমুদ, অধ্যাপিকা এ,এন, রাশেদা প্রমুখ উপস্থিত ছিলেন।